দৈনিক ইত্তেফাক

তারিখ 03 FEB 2014
পৃষ্ঠা ২০ কলাম ৫

# এমপিরা ফের বেসরকারি স্কুল-কলেজের গভর্নিং বডির সভাপতি

## প্রজ্ঞাপন জারি

■ ইত্তেফাক রিপোর্ট

সংসদ সদস্যরা ফের বেসরকারি সকল স্কুল-কলেজ এবং মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতির দায়িত্ব পেলেন। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে একটি আদেশ জারি করে। পৃষ্ঠা ২ কলাম ৭

## এমপিরা ফের

২০ পৃষ্ঠার পর

আদেশে বলা হয়, নির্বাচন পূর্ব সময় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় গত ১ ডিসেম্বর জারিকৃত প্রজ্ঞাপন জারি করা হলো। অবিলম্বে এই আদেশ কার্যকর হবে বলে আদেশে উল্লেখ করা হয়।

প্রসঙ্গত গত বছরের পয়লা ডিসেম্বর দশম সংসদ নির্বাচনকে সামনে রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষাবোর্ড পৃথক পৃথক আদেশে ২০০৯ সালের প্রবিধানমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় এমপিদের যে দায়িত্ব রয়েছিল তা স্থগিত রাখে। গতকাল এই স্থগিতাদেশ প্রত্যাহার করে নেয়া হল। ফলে সংসদ সদস্যরা তার নিজস্ব নির্বাচনী এলাকার মধ্যে এককভাবে সর্বোচ্চ চারটি প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতি হতে পারবেন। এছাড়া অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও সংসদ সদস্যের মনোনীত ব্যক্তিবর্গকে অনুরূপ দায়িত্ব দেয়া যাবে।

গত সপ্তাহে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে দেয়া এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, নির্বাচিত সংসদ অথবা তাঁর প্রতিনিধির সভাপতি হিসাবে দায়িত্বভার গভর্নিং বডি, এডহক কমিটির মেয়াদ থাকা সাপেক্ষে বহাল থাকবে।